দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৬
MAR. ০৪ 2002

# ঢাকা কলেজের সামনে রাস্তা অবরোধ গাড়ি ভাঙচুর

নিজস্ব বার্তা পরিবেশক : অনার্স পরীক্ষা কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে ঢাকা কলেজের ছাত্ররা কলেজ ক্যাম্পাসে মিছিল ও সামনের রাস্তায় অবরোধ করে গাড়ি ভাঙচুর করেছে। বৃহস্পতিবার দুপুরে এ ঘটনা ঘটে। পরে ধানমণ্ডি থানা পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পুলিশ জানায়, ঢাকা কলেজের অনার্স পরীক্ষা কেন্দ্র অন্য কলেজে স্থানান্তর করার প্রতিবাদে গতকাল কয়েকশ' ছাত্র ক্যাম্পাসে মিছিল করে। পরে তারা কলেজের সামনের রাস্তা মিরপুর রোডে অবস্থান নেয়। ওই সময় কয়েকটি গাড়ি ভাঙচুর করে। রাস্তায় টায়ারে আগুন ধরিয়ে যানবাহন চলাচল বন্ধ করে দেয়।